# পিসি ও ল্যাপটপের বায়োস আপডেট

পর্ব-২

কে এম আলী রেজা

*(গত সংখ্যার পর)*

## ধাপ-৫ : কীভাবে বুটেবল ইউএসবি ড্রাইভ তৈরি করবেন

একটি ইউএসবি ড্রাইভকে বুটেবল করতে হলে ইউটিলিটি প্রোগ্রাম যেমন– Rufus বা UNetbootin-সহ একটি আইএসও ইমেজ প্রয়োজন হবে। বায়োস আপডেট ইনস্টল করার জন্য FreeDOS সবচেয়ে উপযুক্ত বলে প্রতীয়মান। একবার বুটেবল ড্রাইভ হাতে পেলে সব বায়োস ও আপডেটের ইউটিলিটি ফাইল এতে কপি করে নিন। হার্ডওয়্যার নির্মাতার ওয়েবসাইট থেকে এসব ফাইল ডাউনলোড আগেই করতে পারেন।

## ধাপ-৬ : বায়োস আপডেট সম্পন্নকরণ


### ক. উইন্ডোজের ক্ষেত্রে

আপডেট প্রক্রিয়া শুরু করার জন্য নির্মাতা প্রতিষ্ঠানের লাইভ আপডেট ইউটিলিটি চালু করতে হবে। উপরে যেমনটি উল্লেখ করা হয়েছে, আপনি পূর্বেই বায়োসের একটি ব্যাকআপ করে রাখতে পারেন বিকল্প ব্যবস্থা হিসেবে। জরুরি অবস্থার সময় এই ব্যাকআপ কাজে লাগানো হবে। আপনি Save current BIOS data লাইন বরাবর একটি এন্ট্রির জন্য দেখুন এবং পছন্দের একটি ফোল্ডার নির্বাচন করুন বর্তমান বায়োস ডাটা সংরক্ষণ করার জন্য।

আপডেট ডাউনলোড করার জন্য এখন একটি বিকল্পের জন্য দেখুন যার Update BIOS from the Internet-এর মতো একটি অনুরূপ নাম আছে। এই লিঙ্কের ওপর ক্লিক করতে হবে। ডিফল্ট সার্ভার যদি সাড়া না দিয়ে থাকে, তাহলে সাধারণত আশপাশে থাকা Auto Select নামে একটি অপশন পাবেন, যা আপনাকে সাহায্য করবে অন্য সার্ভারে চলে যাওয়ার জন্য। আপনার কমপিউটার যদি কাঙ্ক্ষিত সফটওয়্যার আপডেট করার জন্য একটি নতুন সংস্করণ পেয়ে যায়, আপনি সম্ভবত এটি প্রথমে ডাউনলোড করতে চাইবেন। বায়োস সফটওয়্যারের নতুন সংস্করণ খুঁজে পাওয়ার পর এটা ডাউনলোড করুন এবং Update BIOS from a file-এ ক্লিক করুন প্রক্রিয়াটি শুরু করার জন্য। আপনার হালনাগাদ করা ইউটিলিটির ওপর নির্ভর করে একটি অবস্থানে পৌঁছাবেন, যা আপনার নতুন বায়োসের তথ্যের সাথে পুরনো বায়োসের তথ্যের তুলনা করবে। এ প্রক্রিয়া শুরু করার জন্য একেবারে নিশ্চিত হলে Update বা Flash-এ ক্লিক করুন। প্রক্রিয়াটি সম্পন্ন হলে পিসি রিবুট করলে সাধিত পরিবর্তনগুলো কার্যকর হবে।

### খ. ডসের ক্ষেত্রে

আগে যে ইউএসবি স্টিক প্রস্তুত করা হয়েছে তা ব্যবহার করার সময় এখন। ইউএসবি পোর্টের মধ্যে স্টিকটি স্থাপন করে পিসি চালু করুন। আপনি যদি কমপিউটারের বুট অনুক্রম বিন্যাস করে থাকেন, তাহলে আপনার পিসি এটি স্বয়ংক্রিয়ভাবে লোড করবে। এ সময় ডস প্রম্পট পর্দায় প্রদর্শন করা হবে। ফ্ল্যাশ টুলের নাম লিখুন এবং এন্টার চাপুন। ফ্ল্যাশ টুল এখন বায়োস আইডি সম্পর্কে কিছু তথ্য এবং ডিভাইসের বয়স বের করে জানাবে। প্রথমত, পর্দার নিচের এলাকায় আপনার অপশন নির্ণয় করা হবে। যদি পারেন তাহলে প্রক্রিয়া চালিয়ে যাওয়ার আগে আপনার বায়োসের একটি ব্যাকআপ তৈরি করুন। অন্যথায় যে ফাইলটি দিয়ে আপনার বায়োস আপডেট করতে চান, তার সামঞ্জস্য বিশ্লেষণ করার জন্য অপেক্ষা করুন। সব কিছু নিশ্চিত হলে হালনাগাদকরণ প্রক্রিয়া সম্পন্ন করুন।



বায়োস ইউটিলিটির সাহায্যে আপডেট প্রক্রিয়া

### গ. বায়োসের ক্ষেত্রে

ডস থেকে বুটিংয়ের পরিবর্তে BIOS-UI লিখুন এবং EZ Flash 2-এর মতো একটি মেনু অপশন খুঁজে বের করুন। ইনস্টলেশন সহায়তা প্রদানকারী আগের মতোই আপনার কাজে আসবে। যদি এটি ডসের মতো অভিন্ন না হয়, তাহলে উপরে বর্ণিত নির্দেশিকার সহায়তা নেয়া যেতে পারে।

## ধাপ-৭ : বায়োস সেটিং পরীক্ষা করে দেখুন

একবার ফ্ল্যাশিং টুলের সাহায্যে সফলভাবে আপডেট কাজ শেষ হলে, আপনার পিসি অবিলম্বে আবার চালু করতে পারেন। এখন নতুন বায়োসের সাথে কাজ করা আবার শুরু করতে পারেন। এটি ভালো যে, কাজ শুরু করার আগে সব সময়ই কিছু সেটিং পরীক্ষা করে নেয়া।

প্রথমত, বায়োসে উপযুক্ত কী এন্ট্রি দিয়ে এর সেটআপ সিস্টেমে প্রবেশ করুন। বায়োস কী কমপিউটার বুটআপ করার সময় প্রদর্শন করা হয়। প্রধান প্রধান সেটিংগুলো চেক করুন এবং নিশ্চিত হোন বায়োসে তারিখ এবং সময় সঠিক আছে। বুট অর্ডার যেভাবে চান সেভাবে সেট করা আছে। পাশাপাশি আপনাকে আরও নিশ্চিত হতে হবে অন্য সব সেটিং যথাযথভাবে রয়েছে। অ্যাডভান্সড সেটিং সম্পর্কে খুব বেশি চিন্তা করবেন না, যদি না কোনো সমস্যায় পড়েন। যদি আপনার পূর্ববর্তী বায়োস সেটিং লিখে রাখেন, সেই অনুযায়ী তা কনফিগার করুন। সেটিং থেকে বের হওয়ার আগে আপনার পরিবর্তনগুলো সংরক্ষণ করা হয়েছে কি না তা ভালো করে নিশ্চিত হোন।

## ড্রাইভারগুলো পরীক্ষা করে দেখা

কমপিউটারের হার্ডওয়্যারের সাথে সামঞ্জস্য হওয়ার কারণে প্রায়ই দেখা যায়, বায়োস আপডেট বেশ ভালোভাবে সম্পন্ন হয় এবং তা যথাযথভাবে কাজ করে থাকে। ফলস্বরূপ, আপডেটের পর উইন্ডোজ সাধারণত পূর্বে অজানা বেশ কিছু ডিভাইসের সাথে সাংঘর্ষিক অবস্থানে যায়। সব ড্রাইভার সঠিকভাবে ইনস্টল করা হয়েছে কি না তা পরীক্ষা করতে Control Panel-এর আওতায় Device Manager-এ দৃষ্টিপাত করুন। কোনো ডিভাইসের বাম পাশে হলুদ বিস্ময়বোধক চিহ্ন দেখা গেলে নিজেই এর জন্য উপযুক্ত ড্রাইভার পরীক্ষা করে তা নিশ্চিত করুন, প্রয়োজনে আপডেটেড সফটওয়্যার ইনস্টল করুন। নিশ্চিত করুন আপনার প্রসেসর সঠিক সংখ্যাটি প্রদর্শন করছে।

## ধাপ-৮ : যদি বায়োস আপডেট ব্যর্থ হয়

সব সতর্কতা ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও আপডেট প্রক্রিয়া ব্যর্থ হতে পারে। এটা অপ্রত্যাশিতভাবে ঘটতে পারে ডিভাইস অসামঞ্জস্যতার কারণে অথবা হঠাৎ করে বিদ্যুৎ সংযোগ ব্যবস্থা বিকল হয়ে যাওয়ার কারণে। এসব ক্ষেত্রে নিম্নলিখিত ব্যবস্থা নেয়া যেতে পারে :

০১. প্রক্রিয়াটি এখনও যদি সক্রিয় থাকে, তাহলে আপনার পিসি বন্ধ করবেন না। এ ব্যবস্থাটি ডস এবং উইন্ডোজ উভয় প্রক্রিয়াতেই সমভাবে প্রযোজ্য হবে।

০২. ফ্ল্যাশ হালনাগাদকরণ টুল বন্ধ করুন এবং হালনাগাদকরণ প্রক্রিয়া নতুনভাবে আবার চালু হলে দেখুন এটি ঠিকমতো কাজ করে কি না।

০৩. আপনি যদি বায়োসের একটি ব্যাকআপ ইতোমধ্যে তৈরি করে থাকেন, তাহলে নতুন ফাইল নির্বাচন করার পরিবর্তে ব্যাকআপ ফাইল থেকে ইনস্টল করার চেষ্টা করতে পারেন।

০৪. কিছু মাদারবোর্ড আছে যেগুলোতে একটি ব্যাকআপ বায়োস রয়েছে। এসব ক্ষেত্রে আপনি ওই বায়োস থেকে তথ্য পুনরুদ্ধার করতে পারেন এবং তা সিস্টেমে স্থাপন করতে পারেন।

এ ছাড়া আপনার মেইনবোর্ড (মাদারবোর্ড) নির্মাতার সাথে যোগাযোগ করে বায়োস আপডেট সংক্রান্ত সমস্যা সমাধান করতে পারেন। খোঁজ নিয়ে দেখতে পারেন মাদারবোর্ড প্রস্তুতকারক অনলাইনে বায়োস চিপ বিক্রি করে কি না। অনলাইনে এটি কেনা হলে তা তুলনামূলকভাবে ব্যয়সাশ্রয়ী হবে (**শেষ পর্ব**)

ফিডব্যাক : *kazisham@yahoo.com*